**বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট**
নিরীক্ষা শাখা
স্বাধীনতা ভবন
৮৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

বিষয়: **৩০.০৭.২০২৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট - এর ২০২৩-২০২৪ অর্থ বছরের উপর সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত ১২ (বারো) টি অডিট আপত্তির বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মো: মাহবুবের রহমান
ব্যবস্থাপনা পরিচালক
(অতিরিক্ত সচিব)
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

তারিখ ও সময় : ৩০.০৭.২০২৫ খ্রি:; সকাল: ১২.০০ ঘটিকা
সভার স্থান : সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

সভার উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা: পরিশিষ্ট-ক

২। উপস্থাপনা: সভাপতি কর্তৃক সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত ০৯-০৫-২০২৫ খ্রি. হতে ১৯-০৫-২০২৫ খ্রি. পর্যন্ত সময়ের বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর ২০২৩-২০২৪ অর্থবছরের হিসাবের উপর সামাজিক নিরীক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এর উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সামাজিক নিরীক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত অডিট ইন্সপেকশন রিপোর্ট এর আলোকে কিভাবে নিষ্পত্তিমূলক জবাব প্রস্তুত করা যায় এবং ভবিষ্যতে এ ধরণের অডিট আপত্তি যেন উত্থাপিত না হয়, সে বিষয়ে বিস্তারিত আলোচনার লক্ষ্যে এ সভা আহবান করা হয়েছে।

৩। আলোচনা ও সিদ্ধান্ত: সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের বিভিন্ন বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | গৃহসম্পত্তি (স্থান ও স্থাপনা) ভাড়ার ওপর নির্ধারিত হারে মূসক আদায় না করায় আর্থিক ক্ষতি ১,৫২,৩৬,৭০৫/- (এক কোটি বায়ান্ন লক্ষ ছত্রিশ হাজার সাতশত পাঁচ) টাকা। | ক) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে জানান, ২০২৩-২০২৪ অর্থবছরের ট্রাস্টের গৃহসম্পত্তি (স্থান ও স্থাপনা) ভাড়ার ওপর নির্ধারিত হারে মূসক আদায় না করায় আর্থিক ক্ষতি ১,৫২,৩৬,৭০৫/- (এক কোটি বায়ান্ন লক্ষ ছত্রিশ হাজার সাতশত পাঁচ) টাকা যা ট্রাস্টের মালিকানাধীন মুক্তিযোদ্ধা টাওয়ার-০১, তাবানি বেভারেজ কোং লি:, টাওয়ার-৭১, রাজধানী ও নিউ রাজধানী সুপার মার্কেট এবং গুলিস্থান কমপ্লেক্স এর বিভিন্ন ভাড়াটিয়ার নিকট হতে আদায়যোগ্য।<br><br>খ) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে আরো জানান যে, AIR অনুযায়ী BSR প্রেরণের সর্বশেষ সময় ৩০ আগস্ট, ২০২৫।<br><br>গ)) সভাপতি আপত্তি সংশ্লিষ্ট টাকা দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ভাড়াটিয়ার নিকট হতে আদায়করত সরকারি কোষাগারে জমার নিশ্চয়তা বিধান করার জন্য ট্রাস্টের সকল প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদান করেন। অন্যথায় অডিট অফিসের সুপারিশ অনুযায়ী দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের কথা ব্যক্ত করেন। | ক) আপত্তি সংশ্লিষ্ট টাকা দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ভাড়াটিয়ার নিকট হতে আদায়করত সরকারি কোষাগারে জমার ব্যবস্থা গ্রহন করতে হবে এবং আদায়ের সর্বশেষ অগ্রগতিসহ খসড়া জবাব আগামি ৩০ আগস্ট, ২০২৫ এর মধ্যে নিরীক্ষা শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) নির্ধারিত সময়ের মধ্যে BSR প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন।<br><br>খ) ব্যর্থতায় অডিট অফিসের সুপারিশ অনুযায়ী দায়ী কর্মচারী/কর্মকর্তার নিকট হতে টাকা আদায়পূর্বক সরকারি কোষাগারে জমাদানের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী:**<br>পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) |

৪

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০২ | গৃহসম্পত্তি (স্থান ও স্থাপনা) ভাড়া বাবদ ২,০১,২৭,২১৯/- (দুই কোটি এক লক্ষ সাতাশ হাজার দুইশত উনিশ) টাকা অনাদায়ী। | ক) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে জানান, গৃহসম্পত্তি (স্থান ও স্থাপনা) ভাড়া বাবদ ট্রাস্ট মালিকানাধীন প্রতিষ্ঠানের (রাজধানী ও নিউ রাজধানী সুপার মার্কেট এবং গুলিস্থান কমপ্লেক্স) ২,০১,২৭,২১৯/- (দুই কোটি এক লক্ষ সাতাশ হাজার দুইশত উনিশ) টাকা অনাদায়ী যা আদায়যোগ্য।<br><br>খ) সভাপতি আপত্তি সংশ্লিষ্ট টাকা দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ভাড়াটিয়ার নিকট হতে আদায়ের নিশ্চয়তা বিধান করার জন্য ট্রাস্টের সকল প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদান করেন। আদায়ে ব্যর্থ হলে অডিট অফিসের সুপারিশ অনুযায়ী দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। | ক) আপত্তি সংশ্লিষ্ট টাকা দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ভাড়াটিয়ার নিকট হতে আদায়ের নিশ্চয়তা বিধান এবং আদায়ের সর্বশেষ অগ্রগতিসহ খসড়া জবাব আগামি ৩০ আগস্ট, ২০২৫ এর মধ্যে নিরীক্ষা শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) নির্ধারিত সময়ের মধ্যে BSR প্রেরণের বিষয়টি নিশ্চত করবেন।<br><br>**বাস্তবায়নকারী:**<br>পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) |
| ০৩ | ট্রাস্ট আইন লঙ্ঘন করে অস্থায়ী ভিত্তিতে কর্মচারী নিয়োগ করায় আর্থিক ক্ষতি ১৮,৭৬,৯৯৩/- (আঠারো লক্ষ ছিয়াত্তর হাজার নয়শত তিরানব্বই) টাকা। | ক) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে জানান, ট্রাস্ট আইন লঙ্ঘন করে গত ১২/১০/২০২৩ খ্রি. তারিখে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং ১৭/১১/২০২৩ খ্রি. তারিখে লিখিত পরীক্ষার মাধ্যমে ১৪/১২/২০২৩ খ্রি. তারিখে অস্থায়ী ভিত্তিতে কর্মচারী নিয়োগ করায় আর্থিক ক্ষতি ১৮,৭৬,৯৯৩/- (আঠারো লক্ষ ছিয়াত্তর হাজার নয়শত তিরানব্বই) টাকার অডিট আপত্তি উত্থাপিত হয়েছে।<br><br>খ) এ বিষয়ে, যুগ্ম-পরিচালক (প্রশাসন) সভাকে জানান, ট্রাস্ট আইন লঙ্ঘন করে অস্থায়ী ভিত্তিতে কর্মচারী নিয়োগ করা হয়নি বরং নিয়োগের যথাযথ পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রদান করা হয়েছে।<br><br>গ) এ বিষয়ে, ট্রাস্টের বিজ্ঞ আইন উপদেষ্ঠা সভাকে জানান, ট্রাস্টের অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী স্থায়ী এবং অস্থায়ী কর্মচারী নিয়োগ দেওয়া হয়েছে। ফলে ট্রাস্ট আইন ২০১৮ এর ১২.১ বিধান লঙ্ঘন করা হয়নি।<br><br>ঘ) সভাপতি অস্থায়ী ভিত্তিতে কর্মচারী নিয়োগ ট্রাস্ট আইন-২০১৮ এর বিধান অনুযায়ী জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় ট্রাস্ট আইন ২০১৮ এর আলোকে খসড়া জবাব ৩০ আগস্ট, ২০২৫ মধ্যে প্রস্তুত করে নিরীক্ষা শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালক (প্রশাসন) নির্ধারিত সময়ের মধ্যে BSR প্রেরণের বিষয়টি নিশ্চত করবেন।<br><br>**বাস্তবায়নকারী:**<br>পরিচালক (প্রশাসন) |
| ০৪ | চিকিৎসা বাবদ গৃহিত অগ্রিম সমন্বয় না করায় আর্থিক ক্ষতি ১,৪৮,১৯,৭৭৮/- (এক কোটি আটচল্লিশ লক্ষ উনিশ হাজার সাতশত আটাত্তর) টাকা। | ক) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, চিকিৎসা বাবদ গৃহিত অগ্রিম সমন্বয় না করায় আর্থিক ক্ষতি ১,৪৮,১৯,৭৭৮/- (এক কোটি আটচল্লিশ লক্ষ উনিশ হাজার সাতশত আটাত্তর) টাকা যা সংশ্লিষ্ট যুদ্ধাহত এবং খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাগনের নিকট হতে আদায়/ সমন্বয় করা প্রয়োজন।<br><br>খ) এ বিষয়ে, ট্রাস্টের অতি: পরিচালক (কল্যাণ ও গবেষণা) সভাকে জানান যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রবিধান ২০২২ এর ৬(৩) অনুযায়ী চিকিৎসা খাত হতে সংশিষ্ট যুদ্ধাহত এবং খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাগনের গৃহীত অগ্রিম অর্থ সমন্বয় | ক) চিকিৎসা বাবদ গৃহিত অগ্রিম অর্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রবিধান-২০২২ অনুযায়ী যুদ্ধাহত এবং খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাগনের রাষ্ট্রীয় সম্মানী ভাতা হতে সমন্বয় করা এবং সমন্বয়ের সর্বশেষ অগ্রগতিসহ খসড়া জবাব ৩০ আগস্ট, ২০২৫ মধ্যে নিরীক্ষা শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালক (কল্যাণ ও গবেষণা) নির্ধারিত সময়ের মধ্যে BSR প্রেরণের বিষয়টি নিশ্চত করবেন। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | করতে ব্যর্থ হলে রাষ্ট্রীয় সম্মানী ভাতা হতে সমন্বয় করার আইনগত সুযোগ রয়েছে।<br>গ) সভাপতি চিকিৎসা বাবদ গৃহিত অগ্রিম অর্থ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রবিধান ২০২২ অনুযায়ী রাষ্ট্রীয় সম্মানী ভাতা হতে সমন্বয় করার নির্দেশনা প্রদান করেন। | **বাস্তবায়নকারী:**<br>পরিচালক (কল্যাণ ও গবেষণা) ও পরিচালক (অর্থ) |
| ০৫ | বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি নীতিমালা-২০১২ লঙ্ঘনপূর্বক নির্ধারিত হার অপেক্ষা অতিরিক্ত হারে বৃত্তি পরিশোধ করায় আর্থিক ক্ষতি ৪,৬৩,৫২,০০০/- (চার কোটি তেষট্টি লক্ষ বাহান্ন হাজার) টাকা। | ক) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি নীতিমালা-২০১২ লঙ্ঘনপূর্বক নির্ধারিত হার অপেক্ষা অতিরিক্ত হারে বৃত্তি পরিশোধ করায় আর্থিক ক্ষতি ৪,৬৩,৫২,০০০/- (চার কোটি তেষট্টি লক্ষ বাহান্ন হাজার) টাকা।<br>খ) অতিরিক্ত পরিচালক (কল্যাণ ও গবেষণা) সভাকে জানান যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নির্বাহী কমিটির ৬৩তম সভায় আলোচ্যসূচির ১৮ এর নিম্নবর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী বৃত্তি প্রদান করা হয়েছে: চলতি অর্থ বছর (২০২৩-২০২৪) হতে বঙ্গবন্ধু ছাত্রবৃত্তির হার বৃদ্ধি করে সাধারণ শিক্ষার্থীদের মাসিক বৃত্তির হার ৩,০০০/- (তিন হাজার) টাকা এবং প্রকৌশল ও মেডিকেলের শিক্ষার্থীদের মাসিক বৃত্তির হার ৩,৫০০/- টাকা নির্ধারণ করা হয়।<br>গ) সভাপতি বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নির্বাহী কমিটির ৬৩তম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী জবাব প্রস্তুতের নির্দেশনা প্রদান করেন। | ক) বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নির্বাহী কমিটির ৬৩তম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী খসড়া জবাব প্রস্তুত করে ৩০ আগস্ট, ২০২৫ মধ্যে নিরীক্ষা শাখায় প্রেরণের সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালক (কল্যাণ ও গবেষণা) নির্ধারিত সময়ের মধ্যে BSR প্রেরণের বিষয়টি নিশ্চত করবেন।<br>**বাস্তবায়নকারী:**<br>পরিচালক (কল্যাণ ও গবেষণা) |
| ০৬ | বিভিন্ন দেনাদার প্রতিষ্ঠানের (ক্রেডিট পার্টি) নিকট হতে বকেয়া পাওনা আদায় না করায় আর্থিক ক্ষতি ৩,৪০,২৬,৪১২/- (তিন কোটি চল্লিশ লক্ষ ছাব্বিশ হাজার চারশত বারো) টাকা। | ক) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নিয়ন্ত্রণাধীন পূর্ণিমা ফিলিং এন্ড সার্ভিস স্টেশন, ৪৭, টয়েনবি সার্কুলার রোড, ঢাকা এর ২০২৩-২০২৪ অর্থবছরে বিভিন্ন দেনাদার প্রতিষ্ঠানের (ক্রেডিট পার্টি) নিকট হতে বকেয়া পাওনা আদায় না করায় আর্থিক ক্ষতি ৩,৪০,২৬,৪১২/- (তিন কোটি চল্লিশ লক্ষ ছাব্বিশ হাজার চারশত বারো) টাকা যা আদায়যোগ্য।<br>খ) এ বিষয়ে, প্রতিষ্ঠান প্রধান, পূর্ণিমা ফিলিং এন্ড সার্ভিস স্টেশন সভাকে জানান, ব্যবসায়িক প্রয়োজনে সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানকে বাকিতে জ্বালানি তেল (ডিজেল, অকটেন ও লুব্রিকেন্ট) সরবরাহ করতে হয় বিধায় আপত্তিকৃত অর্থ বকেয়া রয়েছে।<br>গ) সভাপতি আপত্তি সংশ্লিষ্ট বকেয়ার অর্থ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) আপত্তি সংশ্লিষ্ট বকেয়ার অর্থ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন এবং খসড়া জবাব প্রস্তুত করে ৩০ আগস্ট, ২০২৫ মধ্যে নিরীক্ষা শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) নির্ধারিত সময়ের মধ্যে BSR প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন।<br>খ) অডিট অফিসের সুপারিশ অনুযায়ী দায়ী কর্মকর্তা/কর্মচারীর নিকট হতে টাকা আদায় করে ট্রাস্টের তহবিলে জমা প্রদানের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>**বাস্তবায়নকারী:**<br>পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) |
| ০৭ | প্রাপ্যতার অতিরিক্ত অধিকাল ভাতা প্রদান করায় আর্থিক ক্ষতি ১০,৯৯,২৯২ /- (দশ লক্ষ নিরানব্বই হাজার দুই শত বিরানব্বই) টাকা। | ক) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, প্রাপ্যতার অতিরিক্ত অধিকাল ভাতা প্রদান করায় আর্থিক ক্ষতি ১০,৯৯,২৯২ /- (দশ লক্ষ নিরানব্বই হাজার দুই শত বিরানব্বই) টাকা।<br>খ) এ বিষয়ে, যুগ্ম-পরিচালক (প্রশাসন) সভাকে জানান যে, ড্রাইভারদেরকে প্রতিদিনের কর্মঘন্টার অতিরিক্ত ডিউটি করার ক্ষেত্রে দ্বি-গুন হার হিসেবে অধিকালভাতা প্রদান করা হয়েছে। ট্রাস্ট যেহেতু একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং যেহেতু এ ধরনের | ক) স্বাভাবিক কর্মঘন্টার অতিরিক্ত ডিউটি করার ক্ষেত্রে বেশ কিছু সরকারি প্রতিষ্ঠান দ্বি-গুণ হারে অধিকাল ভাতা প্রদান করছেন এবং ঐ সকল প্রতিষ্টানের এ সংশিষ্ট বিধি- বিধানের আলোকে খসড়া জবাব প্রস্তুত করে ৩০ আগস্ট, ২০২৫ মধ্যে নিরীক্ষা শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালক (প্রশাসন) নির্ধারিত সময়ের মধ্যে |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | অন্যান্য প্রতিষ্ঠানে স্বাভাবিক কর্মঘন্টার অতিরিক্ত ডিউটি করার ক্ষেত্রে দ্বি-গুন হারে অধিকালভাতা প্রদান করা হচ্ছে এবং সেহেতু ড্রাইভারদেরকে প্রাপ্যতার অতিরিক্ত অধিকাল ভাতা প্রদান করা হয়নি।<br><br>গ) সভাপতি বলেন, এমন কোন কোন প্রতিষ্ঠান স্বাভাবিক কর্মঘন্টার অতিরিক্ত ডিউটি করার ক্ষেত্রে দ্বি-গুন হারে অধিকালভাতা প্রদান করছেন এবং এ সংশ্লিষ্ট বিধি বিধানের আলোকে জবাব প্রস্তুতের নির্দেশনা প্রদান করেন। | BSR প্রেরণের বিষয়টি নিশ্চত করবেন।<br><br>**বাস্তবায়নকারী:**<br>পরিচালক (প্রশাসন) |
| ০৮ | কর্মকর্তা, কর্মচারীদের Contributory Provident Fund (CPF) এ প্রতিষ্ঠানের Contribution (চাঁদা) সরকার কর্তৃক নির্ধারিত হার অপেক্ষা অধিক হারে প্রদান করায় আর্থিক ক্ষতি ৮,৮৭,৩১৪/- (আট লক্ষ সাতাশি হাজার তিনশত চৌদ্দ) টাকা। | ক) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, ট্রাস্টের কর্মকর্তা, কর্মচারীদের Contributory Provident Fund (CPF) এ প্রতিষ্ঠানের Contribution (চাঁদা) সরকার কর্তৃক নির্ধারিত হার অপেক্ষা অধিক হারে প্রদান করায় আর্থিক ক্ষতি ৮,৮৭,৩১৪/- (আট লক্ষ সাতাশি হাজার তিনশত চৌদ্দ) টাকা।<br><br>খ) এ বিষয়ে, সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে জানান যে, ট্রাস্ট একটি সংবিধিবদ্ধ সংস্থা যা সরকারি তহবিলের অন্তভুক্ত নয়। ট্রাস্টের নিজস্ব (CPF) নীতিমালার আলোকে নির্ধারিত হারে চাঁদার টাকা কর্তন করা হয়ে থাকে। তাছাড়া অর্থ বিভাগ কর্তৃক ইস্যুকৃত এ সংশ্লিষ্ট বিবি বিধান ট্রাস্টের জন্য প্রয়োগ ও প্রযোজ্য নয়।<br><br>গ) সভাপতি CPF সংশ্লিষ্ট বিধি বিধানের আলোকে জবাব প্রস্তুতের নির্দেশনা প্রদান করেন। | ক) ট্রাস্টের CPF সংশ্লিষ্ট বিধি বিধান এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন-২০১৮ এর আলোকে খসড়া জবাব প্রস্তুত করে ৩০ আগস্ট, ২০২৫ মধ্যে নিরীক্ষা শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালক (অর্থ) নির্ধারিত সময়ের মধ্যে BSR প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন।<br><br>**বাস্তবায়নকারী:**<br>পরিচালক (অর্থ) |
| ০৯ | স্থায়ী জনবল কাঠামোর বিভিন্ন গ্রেডে অতিরিক্ত সংখ্যক কর্মচারীকে বেতন ভাতা প্রদান। | ক) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, স্থায়ী জনবল কাঠামোর বিভিন্ন গ্রেডে অতিরিক্ত সংখ্যক কর্মচারীকে বেতন ভাতা প্রদান অডিট আপত্তি উত্থাপিত হয়েছে।<br><br>খ) এ বিষয়ে, যুগ্ম-পরিচালক (প্রশাসন) সভাকে জানান, স্থায়ী জনবল কাঠামোর বিভিন্ন গ্রেডে অতিরিক্ত সংখ্যক কর্মচারীকে বেতন ভাতা প্রদান করা হয়নি বরং ট্রাস্ট আইন ২০১৮ অনুযায়ী বেতন ভাতা প্রদান করা হয়েছে।<br><br>গ) সভাপতি ট্রাস্ট আইন ২০১৮ এর বিধান অনুযায়ী জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) ট্রাস্ট আইন ২০১৮ এর বিধান অনুযায়ী খসড়া জবাব প্রস্তুত করে ৩০ আগস্ট, ২০২৫ মধ্যে নিরীক্ষা শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিচালক (প্রশাসন) নির্ধারিত সময়ের মধ্যে BSR প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন।<br><br>**বাস্তবায়নকারী:**<br>পরিচালক (প্রশাসন) |
| ১০ | জাতীয় বেতন স্কেল ২০১৫ এর নির্দেশনা লঙ্ঘন করে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে। | ক) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, জাতীয় বেতন স্কেল ২০১৫ এর নির্দেশনা লঙ্ঘন করে জনাব মো: সিরাজুল ইসলাম, উপ মহা-ব্যবস্থাপক, জনাব মো: মনজুর আলম, উপ মহা-ব্যবস্থাপক, জনাব মোহাম্মদ হোসেন, অতি: প্রধান হিসাব রক্ষক, জনাব মো: আবু সুফিয়ান, উপ প্রধান প্রকৌশলী, জনাব আব্দুল মুনতাকিম, উপ মহা-ব্যবস্থাপক, জনাব আবুল কালাম আজাদ, উপ ব্যবস্থাপক, জনাব মো: খোরশেদ আলম, বেসিক | ক) ট্রাস্ট আইন ২০১৮ এর বিধান অনুযায়ী খসড়া জবাব প্রস্তুত করে ৩০ আগস্ট, ২০২৫ মধ্যে নিরীক্ষা শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:**<br>পরিচালক (প্রশাসন) |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | কর্মকর্তা এবং জনাব আব্দুল কাউয়ুম খান, উপ ব্যবস্থাপক (চঃ দাঃ)-কে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে মর্মে অডিট আপত্তি উত্থাপিত হয়েছে।<br><br>খ) এ বিষয়ে, যুগ্ম-পরিচালক (প্রশাসন) সভাকে জানান, জাতীয় বেতন স্কেল ২০১৫ এর নির্দেশনা লঙ্ঘন করে উচ্চতর গ্রেড প্রদান করা হয়নি বরং ট্রাস্ট আইন ২০১৮ অনুযায়ী বেতন ভাতা প্রদান করা হয়েছে।<br><br>গ) সভাপতি ট্রাস্ট আইন ২০১৮ এর বিধান অনুযায়ী জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। | |
| ১১ | গৃহসম্পত্তি (স্থান ও স্থাপনা) ভাড়ার ওপর নির্ধারিত হারে উৎসে আয়কর কর্তন না করায় আর্থিক ক্ষতি ৬৯,৪৩,৩৯৩/- (উনসত্তর লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত তিরানব্বই) টাকা। | ক) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, গৃহসম্পত্তি (স্থান ও স্থাপনা) ভাড়ার ওপর নির্ধারিত হারে উৎসে আয়কর কর্তন না করায় আর্থিক ক্ষতি ৬৯,৪৩,৩৯৩/- (উনসত্তর লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত তিরানব্বই) টাকার অডিট আপত্তি উত্থাপিত হয়েছে।<br>খ) সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে জানান, গৃহসম্পত্তি (স্থান ও স্থাপনা) ভাড়ার ওপর নির্ধারিত হারে উৎসে আয়কর কর্তন না করায় আর্থিক ক্ষতি ৬৯,৪৩,৩৯৩/- (উনসত্তর লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত তিরানব্বই) টাকা আদায়যোগ্য।<br>গ) সভাপতি আপত্তি সংশ্লিষ্ট টাকা দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ভাড়াটিয়ার নিকট হতে আদায়করত সরকারি কোষাগারে জমার নিশ্চয়তা বিধান করার জন্য ট্রাস্টের সকল প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদান করেন। অন্যাথায় অডিট অফিসের সুপারিশ অনুযায়ী দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। | ক) আপত্তি সংশ্লিষ্ট টাকা দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ভাড়াটিয়ার নিকট হতে আদায়করত সরকারি কোষাগারে জমার পদক্ষেপ গ্রহন করতে হবে এবং আদায়ের সর্বশেষ অগ্রগতিসহ খসড়া জবাব ৩০ আগস্ট, ২০২৫ মধ্যে নিরীক্ষা শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:**<br>পরিচালক (বাণিজ্য ও উন্নয়ন) |
| ১২ | পদ্মা ব্যাংকে এককালীন আমানত (এফডিআর) খাতে ঝুঁকিপূর্ণ বিনিয়োগ ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা। | ক) সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, পদ্মা ব্যাংকে এককালীন আমানত (এফডিআর) খাতে ঝুঁকিপূর্ণ বিনিয়োগ ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকার অডিট আপত্তি উত্থাপিত হয়েছে।<br><br>খ) সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে জানান, আপত্তি সংশ্লিষ্ট অর্থ পদ্মা ব্যাংক হতে আদায়যোগ্য। উক্ত টাকা আদায়ের জোরদার কায্যক্রম চলমান রয়েছে।<br><br>গ) তিনি সভাকে আরো জানান যে, অডিট অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত এআইআর (AIR) রিপোর্টে বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের (বাংলাদেশ ব্যাংক) প্রতিবেদনে বাংলাদেশে চলমান ব্যাংকগুলোকে তাদের কার্যপরিচালনা ও অর্থনৈতিক সক্ষমতার উপর ভিত্তি করে তিনটি জোনে (রেড জোন, ইয়োলো জোন এবং গ্রীন জোন) ভাগ করা হয়েছে। রেড জোনের ব্যাংকগুলো সবচেয়ে খারাপ (পুওর) অবস্থানে | ক) আপত্তিকৃত অর্থ জরুরিভিত্তিতে আদায় করে আদায়ের সর্বশেষ অগ্রগতিসহ খসড়া জবাব ৩০ আগস্ট, ২০২৫ মধ্যে নিরীক্ষা শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:**<br>পরিচালক (অর্থ) ও<br>পরিচালক (প্রশাসন) |



Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | রয়েছে। রেড জোনে অবস্থিত চারটি বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে পদ্মা ব্যাংক একটি উল্লেখ্য করলেও কোন রির্পোটে বলা হয়েছে তার রেফারেনজ উল্লেখ করা হয়নি।<br><br>ঘ) এ বিষয়ে, সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, অডিট অধিদপ্তরের পূর্ববর্তী এআইআর (AIR) রির্পোট অনুযায়ী এফডিআর (FDR) বিষয়ে ২০১২-২০১৩ অর্থ বছরে ২,২২,৫৯,১৭৫/- (দুই কোটি বাইশ লক্ষ উনষাট হাজার একশত পচাত্তর) টাকা, ২০১৩-২০১৫ সালে ১,২৪,০৯৬/- (এক লক্ষ চব্বিশ হাজার ছিয়ানব্বই) টাকা এবং ২০১৮-২০১৯ হতে ২০২১-২০২২ অর্থ বছরে কল্যাণ অনুদান (রাষ্টীয় সম্মানী ভাতা) ও চিকিৎসা ভাতা খাতের অব্যয়িত অর্থ ২৩,৭৯,৬৩,০৩৩/- তেইশ কোটি উনআশি লক্ষ তেষট্টি হাজার তেত্রিশ) টাকা সরকারি কোষাগারে জমা না দিয়ে সংস্থার নামে রক্ষিত ব্যাংকে জমা রাখার (সম্ভবত FDR করে রাখা হয়েছে) ফলে সরকারের আর্থিক ক্ষতি হয়েছে সর্বমোট (২,২২,৫৯,১৭৫ + ১,২৪,০৯৬+ ২৩,৭৯,৬৩,০৩৩) =২৬,০৩,৪৬,৩০৪/- (ছাব্বিশ কোটি তিন লক্ষ ছেচল্লিশ হাজার তিনশত চার) টাকা।<br><br>ঙ) অডিট অধিদপ্তরের সুপারিশ অনুযায়ী আর্থিক ক্ষতির বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ী ব্যক্তি/ ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন এবং আপত্তিকৃত অর্থ জরুরি ভিত্তিতে আদায় করা আবশ্যক/ আপত্তিকৃত অর্থ জরুরিভিত্তিতে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।<br><br>চ) সভাপতি আপত্তিকৃত অর্থ জরুরিভিত্তিতে আদায়ের ব্যবস্থা গ্রহন করতে হবে। আপত্তিকৃত অর্থ দ্রততম সময়ের মধ্যে আদায় করতে ব্যর্থ হলে দায়ী কর্মকর্তা/কর্মচারীগণের বিরুদ্ধে দায়-দায়িত্ব নির্ধারণ করা আবশ্যক। | |

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/৮/২৫

(মো: মাহবুবের রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ২২৩৩৫০৭৬৪
E-mail: mdbffwt@yahoo.com

Scanned with CamScanner

স্মারক নং- ৪৮.০১.০০০০.০০০.৩০২.০১.০০৩১.২৫.৫৮ তারিখ: ২৭ আগষ্ট ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য প্রেরণ করা হলো:

০১। পরিচালক (কল্যাণ ও গবেষণা/বাণিজ্য ও উন্নয়ন/প্রশাসন/অর্থ),বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০২। অতি: পরিচালক/যুগ্ম-পরিচালক/উপ-পরিচালক (কল্যাণ ও গবেষণা/বানিজ্য ও উন্নয়ন/প্রশাসন),বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৩। সহকারী প্রধান প্রকৌশল (সিভিল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৪। সহকারী প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা/ সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৫। প্রতিষ্টান প্রধান (সকল)........................................................, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ট্রাস্টের ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
০৭। হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)/ উপ-সহকারী পরিচালক (সকল), অর্থ বিভাগ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
০৮। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। অফিস কপি।

Scanned with CamScanner